



বেনাপোল পৌরসভা

বেনাপোল, যশোর।

www.benapolepaurashava.com
Email:benapolepaurasava@lgd.gov.bd

স্মারক নং-বেনা/পৌর/প্রশা/ইজারা/২০২৫-১০১

তারিখ : ২৫/০৩/২০২৫ খ্রিঃ।

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর জেলাধীন বেনাপোল পৌরসভার নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, যশোর, উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, সহকারী কমিশনার (ভূমি), শার্শা, বেনাপোল পোর্ট থানা (পুলিশ স্টেশন), সোনালী ব্যাংক, শার্শা উপজেলা শাখা ও বেনাপোল পৌরসভা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা হতে বেলা ১-০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর, উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, সহকারী কমিশনার (ভূমি), শার্শা ও বেনাপোল পৌরসভা কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ০৩-০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) বেনাপোল পৌরসভা কার্যালয়ে খোলা হবে। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, বেনাপোল পৌরসভার অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। যার দরপত্র গৃহীত হবে তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। ৫ম পর্যায়ের টেন্ডারে দাখিলকৃত কোন দরপত্র অনুমোদিত হলে ৬ষ্ঠ পর্যায়ের সংশ্লিষ্ট ইজারা প্রকল্পের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে বেনাপোল পৌরসভা অফিস হতে জানা যাবে এবং বেনাপোল পৌরসভার www.benapolepaurashava.com ওয়েব সাইটে দেখা যাবে।

তফসিল

বাংলা ১৪৩২ সনে বেনাপোল পৌরসভাধীন হাট-বাজার, ট্রাক-টার্মিনাল, বাস-টার্মিনাল ও বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড দরপত্র দাখিলের সময়সূচি

ক্রঃ	ইজারা প্রকল্পের নাম	কাজিত সরকারী মূল্য	সিডিউলের মূল্য	দরপত্র দাখিলের তারিখ	
				৫ম পর্যায়	৬ষ্ঠ পর্যায়
১	হাট-বাজার(বেনাপোল বাজার)	১৮,৪৩,০৫৮/-	৪,৪০০/-	০৮ এপ্রিল, ২০২৫	১৩ এপ্রিল, ২০২৫
২	বেনাপোল পৌর ট্রাক টার্মিনাল (র‍্যাম্প, জলাশয় ও ট্রাক টার্মিনাল এরিয়ার মধ্যে অবশিষ্ট সকল কৃষি জমিসহ)	৭৫,৩২,৮২০/-	১৫,৮০০/-		
৩	বেনাপোল পৌর বাস টার্মিনাল (র‍্যাম্প ও ভবনের টয়লেটসহ)	১১,৫০,৬৩০/-	৩,০০০/-		
৪	বেনাপোল পৌর রেন্ট-এ কার স্ট্যান্ড	৫,০০,০০০/-	১,৬০০/-		

(কাজী নাজিব হাসান)
প্রশাসক

বেনাপোল পৌরসভা, যশোর।